

অবতরণিকা


‘বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা’ অর্থ বিভাগের একটি নিয়মিত বার্ষিক প্রকাশনা। সমীক্ষাটি জাতীয় সংসদের বাজেট অধিবেশনে অন্যান্য বাজেট ডকুমেন্ট এর সাথে উপস্থাপন করা হয়। এতে দেশের সামষ্টিক অর্থনীতির গতি-প্রকৃতি, সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন নীতি-কৌশল এবং অর্থনীতির খাতসমূহের হালনাগাদ অগ্রগতির বিস্তারিত বিবরণ সন্নিবেশিত করা হয়।

২। সমীক্ষাটিতে ৩টি অংশে মোট ১৫টি অধ্যায় এবং ৬২টি পরিসংখ্যান পরিশিষ্ট রয়েছে। প্রথম অংশে সামষ্টিক অর্থনীতির ওপর ৬টি অধ্যায় রয়েছে। প্রথম অধ্যায়ে বৈশ্বিক এবং বাংলাদেশের অর্থনীতির প্রেক্ষাপটে বর্তমান ও নিকট ভবিষ্যতের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির বিবরণ দেয়া হয়েছে। দ্বিতীয় অধ্যায়ে দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ, তৃতীয় অধ্যায়ে মূল্য, মজুরি ও কর্মসংস্থান, চতুর্থ অধ্যায়ে রাজস্ব নীতি ও ব্যবস্থাপনা, পঞ্চম অধ্যায়ে মুদ্রা ব্যবস্থাপনা ও আর্থিক বাজার উন্নয়ন এবং ষষ্ঠ অধ্যায়ে বহিঃখাত সংক্রান্ত বিষয়বলির ওপর বিস্তারিত বর্ণনা করা হয়েছে। খাতভিত্তিক অংশে অন্তর্ভুক্ত ৫টি অধ্যায়ে কৃষি, শিল্প, রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থা এবং স্ব-শাসিত, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানসমূহ, বিদ্যুৎ ও জ্বালানি, পরিবহন ও যোগাযোগ খাতের তথ্যাদি বিশদভাবে বর্ণনা করা হয়েছে। অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়ভিত্তিক অধ্যায়গুলোতে মানবসম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, বেসরকারি খাত উন্নয়ন এবং পরিবেশ উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয়াদি উপস্থাপন করা হয়েছে।

৩। সমীক্ষাটি প্রণয়নে অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সংশ্লিষ্ট সকলে অত্যন্ত নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করেছেন। যথাসময়ে এটি প্রকাশ করায় অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। একইসাথে প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সরবরাহ করে সমীক্ষাটি প্রকাশে সার্বিক সহায়তার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি। নানাবিধ প্রতিকূলতার মধ্যে প্রণীত সমীক্ষাটিতে কিছুটা ভুলত্রুটি থাকতে পারে। তৎসত্ত্বেও প্রত্যাশা করা যায় যে, অগণিত পাঠক, গবেষক, নীতিনির্ধারক, শিক্ষার্থীসহ সকলের নিকট সমীক্ষাটি একটি গুরুত্বপূর্ণ তথ্যবহুল প্রকাশনা হিসেবে বিবেচিত হবে।

জয় বাংলা

বাংলাদেশ চিরজীবী হোক



ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার

সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়